দৈনিক সংবাদ

তারিখ ... JUN. 6 .. 1999
পৃষ্ঠা ৫ কলাম ২

102

# উত্তরাঞ্চলের ১৬টি জেলার প্রায় ৬ হাজার স্কুল-মাদ্রাসায় কোন গ্রন্থাগার নেই

হাবিবুর রহমান স্বপন, পাবনা থেকে ঃ উত্তরাঞ্চলের ১৬টি জেলায় প্রায় ৬ হাজার স্কুল-মাদ্রাসায় গ্রন্থাগার নেই। ফলে ঐ সমস্ত প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা প্রতিষ্ঠান চলাকালীন অবসর সময়ে পাঠ্যবই, জ্ঞান-বিজ্ঞানের বই, পাঠ্যবই সহায়ক পুস্তক, দৈনিক পত্রিকা ও সাময়িকী ইত্যাদি পড়ার সুযোগ থেকে বঞ্চিত। জেলাগুলো হচ্ছে ঃ পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, বগুড়া, জয়পুরহাট, রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁ ও পঞ্চগড়।

১৬টি জেলায় ৩৯টি সরকারি বালক-বালিকা বিদ্যালয়, ১৬শ' ২৮টি বেসরকারি বালক-বালিকা বিদ্যালয়, ৫শ' ৬১টি নিম্নমাধ্যমিক বিদ্যালয় এবং ১ হাজার ২শ' ৫৭টি দাখিল মাদ্রাসা রয়েছে। হাতেগোনা ৩০/৩৫টি সরকারি এবং ৪০/৫০টি পুরাতন বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ছাড়া বেসরকারি স্কুল-মাদ্রাসাগুলোতে গ্রন্থাগার নেই। কোন কোন পুরাতন বিদ্যালয়ে নামমাত্র লাইব্রেরি থাকলেও প্রয়োজনীয় বই-পুস্তক ও পৃষ্ঠপোষকতার অভাবে তা ব্যবহারের অনুপযোগী হয়ে আছে। থানা ও গ্রামের স্কুলগুলোতে খোঁজ-খবর নিয়ে জানা গেছে, বড় বড় স্কুলে প্রধান শিক্ষকের রুমের শোভা বৃদ্ধির জন্য ২/৪টি আলমিরাতে বই সাজিয়ে রাখা হলেও তা শিক্ষার্থীদের কোন উপকারে আসে না। কারণ স্বতন্ত্র পাঠাগার না থাকায় শিক্ষার্থীরা এসব বই পড়তে পারে না। শিক্ষাবোর্ড শিক্ষা প্রতিষ্ঠানের মঞ্জুরি প্রদানকালে সমৃদ্ধ লাইব্রেরি থাকার শর্ত আরোপ করতে থাকে। ফলে স্কুল কর্তৃপক্ষ মঞ্জুরি পাওয়ার আশায় কিছু বই কিনে প্রধান শিক্ষকের কক্ষে শোভা বৃদ্ধি ও লোক দেখানোভাবে শো- কেসে ভরে রাখেন। থানা ও গ্রামের সিনিয়র মাদ্রাসাগুলোতে আদৌ কোন গ্রন্থাগার নেই।

কলেজগুলোতেও রয়েছে নামমাত্র পাঠাগার।